

বিজ্ঞপ্তি

নং-৮০.১০৭.০১১.০০.০০.০১৬.২০১৫-৬৪৭

তারিখ : ২১ ডিসেম্বর-২০১৬ খ্রিষ্টাব্দ  
০৪ পৌষ-১৪২২ বঙ্গাব্দ

বিষয় : স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের অধীন স্বাস্থ্য শিক্ষা ব্যুরো'র ১ম শ্রেণির (৭ম গ্রেড) "সিনিয়র স্বাস্থ্য শিক্ষা অফিসার" পদে সরাসরি নিয়োগের জন্য মৌখিক পরীক্ষা অনুষ্ঠান প্রসংগে।

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের অধীন স্বাস্থ্য শিক্ষা ব্যুরো'র ১ম শ্রেণির (৭ম গ্রেড) "সিনিয়র স্বাস্থ্য শিক্ষা অফিসার" পদে সরাসরি নিয়োগের জন্য নিম্নবর্ণিত রেজিঃ নম্বরধারী সাময়িকভাবে যোগ্য প্রার্থীদের মৌখিক পরীক্ষা নিম্নলিখিত তারিখ ও সময় অনুযায়ী বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-তে অনুষ্ঠিত হবে।

মৌখিক পরীক্ষার তারিখ ও সময়	পদের নাম ও সাময়িকভাবে যোগ্য প্রার্থীদের রেজিঃ নম্বর
১২-০১-২০১৭ সকাল-১০:৩০মিঃ বৃহস্পতিবার	সিনিয়র স্বাস্থ্য শিক্ষা অফিসার : রেজিঃ নম্বর : 000034, 000041, 000055, 000091, 000094, 000163, 200010, 400030 = 08 টি।

২। প্রার্থী চাকুরীরত হলে নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সীল স্বাক্ষরিত মূল ছাড়পত্র অবশ্যই মৌখিক পরীক্ষা বোর্ডে জমা দিতে হবে। এছাড়া শিক্ষাগত যোগ্যতাসহ অন্যান্য সকল সনদের মূল কপি সাক্ষাৎকার বোর্ডে প্রদর্শন করতে হবে। অন্যথায় সাক্ষাৎকার গ্রহণ করা হবে না।

৩। মৌখিক পরীক্ষার জন্য প্রার্থীদের নিকট কমিশন হতে কোনো আলাদা সাক্ষাৎকারপত্র প্রেরণ করা হবে না। বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়ের ওয়েব সাইটঃ [www.bpsc.gov.bd](http://www.bpsc.gov.bd) থেকে প্রবেশপত্র ডাউনলোড করে সংগ্রহ করতে হবে। প্রবেশপত্র ছাড়া কোনো প্রার্থী মৌখিক পরীক্ষায় অংশ গ্রহণ করতে পারবে না।

৪। বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়ের ওয়েব সাইটঃ [www.bpsc.gov.bd](http://www.bpsc.gov.bd) থেকেও এ বিজ্ঞপ্তিটি পাওয়া যাবে।

৫। কোন প্রার্থী নির্ধারিত তারিখ ও সময়ে মৌখিক পরীক্ষার বোর্ডে উপস্থিত থাকতে ব্যর্থ হলে উক্ত প্রার্থীর মৌখিক পরীক্ষা আর গ্রহণ করা হবে না। উল্লেখ্য যে, মৌখিক পরীক্ষার তারিখ কোনোক্রমেই পরিবর্তন করা যাবে না।

৬। বিপিএসসি ফরম-৩ ডাউনলোড করে ০১ কপি পূরণপূর্বক সকল শিক্ষাগত যোগ্যতার সনদের ও প্রয়োজনীয় অন্যান্য কাগজপত্রের সত্যায়িত ফটোকপি এবং জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ফটোকপি সংযুক্ত করে মৌখিক পরীক্ষার বোর্ডে জমা দিতে হবে;

৭। মৌখিক পরীক্ষার দিন কমিশন চত্বরে (ক্যান্টিনসহ) প্রার্থীর জন্য মোবাইল ফোন ও কোনো প্রকার যোগাযোগযন্ত্রসহ প্রবেশ এবং ব্যবহার সম্পূর্ণ নিষিদ্ধ;

৮। প্রার্থী কর্তৃক কমিশন চত্বরে (ক্যান্টিনসহ) কমিশনের কোনো কর্মকর্তা/কর্মচারীর সাথে আলোচনা বা আলাপচারিতায় মিলিত হওয়া নিষিদ্ধ;

৯। মৌখিক পরীক্ষার নির্ধারিত সময়ের অন্তত আধা ঘন্টা(৩০মিঃ) পূর্বে সংশ্লিষ্ট মৌখিক পরীক্ষা বোর্ডে অবশ্যই উপস্থিত হতে হবে।

১০। কোন প্রার্থীর সংশ্লিষ্ট নিয়োগ বিজ্ঞপ্তিতে বর্ণিত কোনো শর্তের গুরুতর (Substantive) ঘাটতি পাওয়া গেলে মৌখিক পরীক্ষার পূর্বে বা পরে যে কোনো পর্যায়ে উক্ত প্রার্থীর প্রার্থিতা বাতিল বলে গণ্য হবে।

❖ পড়াশুনা এবং জ্ঞানার্জনের মাধ্যমে ভালভাবে প্রস্তুতি নিয়ে পরীক্ষায় অংশগ্রহণ করুন;

❖ চাকরির ক্ষেত্রে কোনোরূপ তদবির প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে।

(শেখ শাখাওয়াৎ হোসেন)  
পরীক্ষা নিয়ন্ত্রক (নন-ক্যাডার)  
(যুগ্ম-সচিব)।  
২১-১২-২০১৬